



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৮৯.১৯/৬৪০/২

তারিখ : ২৭/০২/২০২২ খ্রি.

বিষয় : রাজশাহী জেলার তানোর উপজেলাধীন তানোর মহিলা কলেজের শূন্যপদে অধ্যক্ষের এমপিওভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : (১) স্মারক নং তামক-৪১/(২) তারিখ : ২৮/০৭/২০২১ খ্রি.

(২) ডিসেম্বর/২০২১ মাসের এমপিও কমিটির সভার সিদ্ধান্ত;


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার তানোর মহিলা কলেজের শূন্যপদে নিয়োগকৃত অধ্যক্ষ জনাব অনুকুল কুমার ঘোষ এর এমপিও ভুক্তির নির্দেশনা কামনা করে সূত্রোক্ত স্মারক মোতাবেক প্রতিষ্ঠান থেকে আবেদন করেন। প্রতিষ্ঠানের আবেদনে জানান যে, জনাব অনুকুল কুমার ঘোষ অধ্যক্ষ পদে যোগদান করলেও উপাধ্যক্ষ পদের এমপিও শিট অনুসারে তার উপাধ্যক্ষ পদের এমপিওভুক্তির তারিখ হতে জনবল কাঠামো অনুসারে কাম্য অভিজ্ঞতা ৩ বছর পূর্ণ না হওয়ায় এমপিওভুক্ত করা হয়নি। জনাব অনুকুল কুমার ঘোষ একই প্রতিষ্ঠানে প্রভাষক থেকে উপাধ্যক্ষ পদে কর্মরত এবং পরবর্তীতে অধ্যক্ষ পদে নিয়োগপ্রাপ্ত হয়ে যোগদান করেন। তিনি গত ২৭/১২/২০১৬ তারিখে উপাধ্যক্ষ পদে যোগদান করে অনলাইনে মার্চ/২০১৮ মাসে এমপিওভুক্ত হলেও অদ্যাবধি কোন বকেয়া প্রদান করা হয়নি। উপাধ্যক্ষ পদে যোগদানের ধারাবাহিকতা থাকলেও এমপিও ভুক্তির সময় বকেয়া প্রদান না করায় অধ্যক্ষ পদে এমপিওভুক্তি নিয়ে অঞ্চল আপত্তি উপস্থাপন করেন।

এমতাবস্থায়, জনাব অনুকুল কুমার ঘোষ ২৭/১২/২০১৬ তারিখে উপাধ্যক্ষ পদে যোগদানের পর প্রভাষক পদ থেকে বেতনভাতা উত্তোলন করেছেন কিনা এবং অনলাইনে মার্চ/২০১৮ মাসে উপাধ্যক্ষ পদে এমপিওভুক্তির সময় রাজশাহী অঞ্চল থেকে কেন বকেয়া বেতন ভাতা প্রদান করা হয়নি এ বিষয়ে তথ্য প্রমাণসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী

সদয় অবগতি :

- (৩) অধ্যক্ষ, তানোর মহিলা কলেজ, তানোর, রাজশাহী;
- (২) সংরক্ষণ নথি।


(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭